দৈনিক বাংলা

তারিখ ... 10/8/83 ...
পৃষ্ঠা ... 7 কলাম ... 2

# স্কুলের লক্ষাধিক টাকা তছরুপের দায়ে প্রধান শিক্ষক বরখাস্ত

(নিজস্ব সংবাদদাতা)

কুড়িগ্রাম, ৮ই আগস্ট।— এক লাখ ২৭ হাজার টাকা আত্মসাতের অভিযোগে নাগেশ্বরী ডিএম একাডেমীর প্রধান শিক্ষককে সাময়িকভাবে চাকরী থেকে বরখাস্ত করা হয়েছে।

নাগেশ্বরী ডিএম একাডেমীর প্রধান শিক্ষক মোঃ তসলিমউদ্দিনের বিরুদ্ধে বিদ্যালয়ের অর্থ আত্মসাতের এক অভিযোগ আনয়ন করা হয়। এ অভিযোগ তদন্তের জন্য নাগেশ্বরী উপজেলা নির্বাহী অফিসার এক অডিট কমিটি গঠন করেন। উক্ত অডিট কমিটি একাডেমীর গত তিন বছরের আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করে ১ লাখ ২৭ হাজার টাকা তছরুপ করা হয়েছে বলে রিপোর্ট দাখিল করেন। এ রিপোর্টের পরিপ্রেক্ষিতে প্রধান শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। প্রধান শিক্ষক কারণ দর্শানোর জবাব প্রদান করেন। কিন্তু তা সন্তোষজনক নয় বলে উপজেলা নির্বাহী অফিসার সম্প্রতি প্রধান শিক্ষককে সাময়িকভাবে চাকরি থেকে বরখাস্ত করেন।

এ ব্যাপারে প্রধান শিক্ষকের বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন বিভাগ ও শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে সুপারিশ করা হয়েছে।